প্রথম আলো

তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... 2 ...

# ঢাকা মেডিকেলে কর্মবিরতি

নিজস্ব প্রতিবেদক ●

বেতনকাঠামোয় অসংগতি দূর করার দাবিতে গতকাল বুধবার ঢাকা মেডিকেল কলেজের চিকিৎসক ও শিক্ষকেরা দুপুর ১২টা থেকে বেলা ২টা পর্যন্ত কর্মবিরতি পালন করেন। এ সময় বহির্বিভাগেও রোগী দেখেননি তাঁরা। কমপক্ষে দুই হাজার রোগী এ সময় বহির্বিভাগে সেবা পাননি।

ঢাকা মেডিকেল কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক দেবেশ তালুকদার *প্রথম আলো*কে বলেন, প্রকৃচি ও ২৬ ক্যাডার সমন্বয় কমিটির সিদ্ধান্তে মেডিকেল কলেজেও শিক্ষকেরা কর্মবিরতি পালন করেন।